গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৫.০০৬.১৭- ২০৩৪

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪২৬ / ২৭ নভেম্বর ২০১৯

বিষয়: ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯ উদযাপন সংক্রান্ত।

সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-১৮৫৩; তারিখ: ২৬/১১/২০১৯খ্রি. ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রাপ্ত আধা সরকারি পত্রটি এ সাথে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

(নুমেরী জামান)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),..... জেলা।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),..... জেলা

অনুলিপি:

১. জেলা প্রশাসক (সকল)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৫.২০১৭- ১৮৫৩ তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯ উদযাপন সংক্রান্ত।

সূত্রঃ ৫৬.০০.০০০০.০০২.২৫.০১১.১৭-২৯০ তারিখঃ ১৯/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এতদসংগে প্রেরণ করা হল। উক্ত আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৬/১১/১৯

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

১। অতিরিক্ত সচিব(সকল) এবং মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক/যুগ্মপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব/উপপ্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান ( ), স্থানীয় সরকার বিভাগ।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ
সচিবালয় শাখা
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
৪) যুগ্ম-প্রধান
ডাইরি নম্বর: ১৪৮৮৮ ২১
স্বাক্ষর

উপানুষ্ঠানিক পত্র নং-৫৬.০০.০০০০.০০২.২৫.০১১.১৭-২৯০

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৬ / ১৯ নভেম্বর ২০১৯

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। এছাড়াও আইসিটি ভিত্তিক উন্নয়ন প্রতিষ্ঠায় বাংলাদেশের অর্জিত সাফল্য ও আউটসোর্সিং খাতে দেশের সক্ষমতা বহির্বিশ্বের কাছে তুলে ধরা, দেশের অর্থনৈতিক সম্ভবনাকে কাজে লাগানো, জিডিপি প্রবৃদ্ধি ইত্যাদি বিষয়েও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কাজ করে যাচ্ছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশে ও বিদেশে ৩য় বারের মত **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উদ্‌যাপিত হবে। এবারের দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯ বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে, (বিআইসিসি) আয়োজিত মূল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা** এমপি প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উল্লেখ্য ২০০৮ সালের ১২ ডিসেম্বর তারিখে বর্তমান সরকারের **রূপকল্প ২০২১ তথা "ডিজিটাল বাংলাদেশ"** ঘোষণার মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এ দিবসটির গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে **"ডিজিটাল বাংলাদেশ দিবস"** হিসেবে পালনের অনুমোদন দেয়।

তথ্য-প্রযুক্তির ব্যবহারে বির্বতনের সংগে সংগে যেমন নানা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে তেমনি এর নেতিবাচক প্রভাবকেও উপেক্ষা করবার নয়। সামাজিক যোগাযোগ মাধ্যম আজ আমাদের জীবনের অনুষঙ্গ। সাইবারস্পেসে সত্য-মিথ্যা যাচাই না করে অনেকেই তথ্য আপলোড বা শেয়ার করে সমাজ ও রাষ্ট্র ব্যবস্থায় এর বিরূপ প্রভাব বিস্তারের অপচেষ্টা করছে। সেই বাস্তবতার আলোকে এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের নিম্নরূপ প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে।

"সত্য-মিথ্যার যাচাই আগে,
ইন্টারনেটে শেয়ার পরে।"

আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ০৭:০০ ঘটিকায় জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ি মোড় পর্যন্ত একটি বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হবে। দিবসটি উদ্‌যাপনের জন্য দেশব্যাপী ডিজিটাল বাংলাদেশ এর উপর কুইজ প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ও অনলাইন প্লাটফরমে 'আমার দেখা ডিজিটাল বাংলাদেশ' এর উপর প্রেজেন্টেশন তৈরি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এছাড়াও ৬৪ টি জেলায় এবং ৪৯১ টি উপজেলায় প্রতিপাদ্য-নির্ভর সেমিনার অনুষ্ঠিত হবে। টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আপনার মন্ত্রণালয়/বিভাগ এর সংশ্লিষ্ট তথ্যপ্রযুক্তি খাতে প্রসার, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের বিগত ১০ বছরের অর্জন সম্পর্কিত কার্যক্রমসমূহ, প্রযুক্তিগত উদ্ভাবন ও সম্প্রসারণ ইত্যাদি প্রচারের জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯ এর র‍্যালীতে আপনার মন্ত্রণালয়/বিভাগ এর উল্লেখ্যযোগ্য সাফল্য ও অর্জনসমূহ প্রদর্শনের জন্য ব্যানার, প্ল্যাকার্ড, পোস্টার ইত্যাদিসহ অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রশাসন-১/১ শাখা/ডাক ও কা
নম্বর..... তারিখ.....
১৭৬৬ ২৫/১১/১৯
অতিরিক্ত সচিব (প্রঃঅঃ)

"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯" কে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য আপনার সক্রিয় অংশগ্রহণ এবং ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

আন্তরিকভাবে আপনার

২৫/১১/১৯

(এন এম জিয়াউল আলম পিএএ)

জনাব হেলালুদ্দীন আহমদ
সচিব
স্থানীয় সরকার বিভাগ